The Daily Star

23 November, 2018

# Sustained dev not possible leaving behind the poor

## *Wahiduddin Mahmud tells Sreemangal convention*



Eminent economist Prof. Wahiduddin Mahmud speaks at the inaugural session of a two-day-long convention titled 'Leaving No One Behind' at the Brac learning centre auditorium in Sreemangal upazila of Moulvibazar. Photo: Star

**Our Correspondent, Moulvibazar**

Sustainable development cannot be achieved if excluded and marginal communities are left behind, eminent economist Prof Wahiduddin Mahmud said at a convention in Sreemangal upazila of the district yesterday.

It is very important to make need basis plan for these communities along with steps to save forests, rivers and other water bodies, he said while speaking as the chief guest at the inaugural session of a two-day-long convention titled 'Leaving No One Behind' at the Brac learning centre auditorium in Sreemangal.

Society for Environment and Human Development, Power and Participation Research Centre, Christian Commission for Development in Bangladesh and Gram Bikash Kendra organised the programme with the support from the European Union and ICCO Cooperation.

“Bangladesh has made commendable achievements in addressing the challenges of poverty. However, poverty is a multi-dimensional reality. One feature of this reality is reflected in the present condition of the excluded and marginal communities who are yet to reach desired levels in reducing poverty.

“There is a lot of progress in different sectors including reducing the rate of infant mortality rate, improving the child education rate and meeting various social needs.

“But three to four percent of the population, who are marginalised and isolated from the mainstream, are virtually deprived of this development. Keeping them behind, it is not possible to overcome extreme poverty by 2030.

Rambhajan Kairi, general secretary of Bangladesh Tea Workers Union, said poorly paid tea garden workers are deprived of nutrition and they have a poor literacy rate.

The garden authorities should take the responsibility to ensure housing, safe water, sanitation, medical and educational facilities for the tea garden labourers and their families, he added.

“It is very important to improve the life of tea workers who get a meagre wage of Tk 102,” said Prof Farid Uddin Ahmed, vice chancellor of Shahjalal University of Science and Technology.

Philip Gain, director of Society for Environment and Human Development, presented the keynote titled “Social, economic and political protection of the marginal and excluded communities” at the programme presided over by Dr Hossain Zillur Rahman, executive chairman of Power and Participation Research Centre.

Md Tofail Islam, deputy commissioner of Moulvibazar, writer Dr Harishankar Jaldas, Shulekha Mrong, president of Achik Michik Society, Md Abdul Awal, vice-chairman of Bangladesh Tea Association, Dr Mohammad Abdul Wazed, former director general of Bangladesh Bureau of Statistics, Moazzem Hossain, chief executive of Gram Bikash Kendra, spoke on the occasion.

**Accessed at:** https://www.thedailystar.net/country/news/sustained-dev-not-possible-leaving-behind-the-poor-1664026

প্রথম আলো

21 November, 2018

# Convention of the excluded in Sreemangal

**Staff Correspondent, Dhaka**

With the slogan ‘Leaving no one behind’, a two-day convention of the marginal and excluded communities begins in Sreemangal on Thursday.

Representatives of the tea communities, trade unions, ethnic communities and other excluded groups, the civil society and community-based organisations, state actors, human rights organisations and cultural groups are expected to join the convention and cultural festival.

Its aim is to bring the challenge of exclusion and marginalisation - major feature of poverty - into the national focus, according to organisers.

Eminent economist former caretaker government adviser Wahiduddin Mahmud is scheduled to address the convention as chief guest.

Four organisations - Power and Participation Research Centre (PPCR), Society for Environment and Human Development (SEHD), Christian Commission for Development in Bangladesh (CCDB) and Gram Bikash Kendra - organised the convention as part of a multi-year initiative.

At the convention, the organisers will share findings of relevant studies and analyses and will try to come out with recommendations on how to deal with the issues of marginalisation and exclusion, said a news release issued on Wednesday.

There are a lot of marginalised and excluded people living in Bangladesh, who speak different languages and have different cultures. There are 27 small ethnic communities in Bangladesh, according to government census.

**Accessed at:** https://en.prothomalo.com/bangladesh/news/186805/Convention-of-the-excluded-in-Sreemangal

প্রথম আলো
22 November, 2018

# 'One project cannot solve all problems of a community'




Noted economist Wahiduddin Mahmud addresses the inaugural session of a two-day convention on the excluded communities in Sreemangal, Moulvibazar on Thursday—Photo: Collected

**Staff Correspondent, Dhaka**

A convention of the excluded people in Sreemangal, Moulvibazar, on Thursday called for identifying unique problems of the marginalised communities with a view to bringing them to the mainstream.

"Marginalised people are poor but the nature of their problems is not the same. So, they cannot be brought under mainstream development activities by taking only one project," economist Wahiduddin Mahmud told the inaugural ceremony of the conference.

He pointed out that the country's 3-4 per cent people are excluded from the development process and without giving them fruits of development, it is not possible to attain overall national development goals.

Wahiduddin Mahmud, a former finance adviser to the 1996 caretaker government, added that it is the responsibility of the government to take meaningful initiatives to ensure protection and development of the marginalised communities.

More than 300 people of 60 communities have joined the convention and cultural festival that focussed on their lifestyle, standard of living, social crisis and cultural practices, according to a news release received in Dhaka.

Power and Participation Research Centre (PPCR), Society for Environment and Human Development (SEHD), Christian Commission for Development in Bangladesh (CCDB) and Gram Bikash Kendra organised the two-day convention titled 'Social, Economic, and Political Protection of Marginalised and Excluded Communities'.

PPARC executive chairman Hossain Zillur Rahman said the convention is aimed at making policy recommendations so that the government can take necessary steps to improve the situation. “We want to help create such an atmosphere,” he said.

Vice chancellor of Shahjalal University of Science and Technology Farid Uddin Ahmed criticised the practice of keeping marginalised groups such as tea workers poor for the sake of an industry.

“We all have to work together to take the society forward and uphold the spirit of humanity,” he added.

SEHD’s Phillip Gain presented the keynote at the convention which was also addressed by writer Harishanker Jaladas, former director general of Bangladesh Bureau of Statistics Abdul Wazed, and deputy commissioner of Moulvibazar Tafael Islam.

**Accessed at:** https://en.prothomalo.com/bangladesh/news/186862/%E2%80%98One-project-cannot-solve-all-problems-of-a?fbclid=IwAR0nyqmVbKh8xz4kgcUavlfPFjng7MjCv8VFCyqBshpT33Ghk0PmrZ1DQgc

প্রথম আলো
23 November, 2018

# Tea workers ‘aliens’ on motherland!




Participants at the cultural festival of two-day convention titled ‘Social, Economic, and Political Protection of Marginalised and Excluded Communities’ in Sreemangal upazlia of Moulvibazar. Photo: Collected

**Staff Correspondent, Dhaka**

Only a selected group of people are entitled to employment at tea gardens where literate children of the tea workers have hardly any opportunity to work, a convention of the excluded communities in Sreemangal was told on Friday.

It raised the demand for dialogue between tea workers and owners of gardens as well as setting up of labour court in Sreemangal, Moulvibazar, to address the issues affecting the life and livelihoods of workers.

Stakeholders at the convention said tea output doubled since Bangladesh’s independence but wages and other facilities of the workers have not increased in proportion to their basic needs.

They observed that it is not possible to attain various goals of national and global development unless tea workers and other marginalised communities are brought to mainstream development activities.

“Tea workers are aliens in their own country. They have no land rights. Except some people, others remain unemployed here,” Bijoy Bunerjee, chairman of Rajghat union, said on the second day of the convention.

He pointed out that literate youth are not provided with opportunity to work and the people living in and around tea estates are suffering for poverty. “The member of tea families are deprived of fruits of developments, relating to health, education and habitation,” he added.

Former caretaker government adviser Hossain Zillur Rahman, addressing the concluding session of the convention, regretted that it is being said that the owner of tea estates did much welfare of the workers but such measures are not visible.

“The needs and demands of the workers should be met through talks between the two sides,” he said emphasising the need for regular interactions for solving their problems and disputes.

General secretary of Bangladesh Tea Workers Union Rambhajan Koiree insisted that the workers perception that the owners deprive them of basic rights, must be hanged through meaningful and effective talks and steps.

“A post for removing shoes of the managers (at the tea garden) is still there. This has established a relation between the master and the slaves. This must go,” he said.

At the seminars organised as part of the convention, associate professor of International Relations of Dhaka University Tanjumuddin Khan, lecturer of Law at DU Sarawat Shameen, lawyer Jyotirmoy Barua, and SEHD director Phillip Gain spoke among others, said a press release received in Dhaka.

Representatives of around 60 communities joined the two-day convention and cultural festival, inaugurated by noted economist Wahiduddin Mahmud.

Power and Participation Research Centre (PPCR), Society for Environment and Human Development (SEHD), Christian Commission for Development in Bangladesh (CCDB) and Gram Bikash Kendra organised the two-day convention titled ‘Social, Economic, and Political Protection of Marginalised and Excluded Communities’

**Accessed at:** https://en.prothomalo.com/bangladesh/news/186917/Tea-workers-%E2%80%98aliens%E2%80%99-on-motherland

THE ASIAN AGE
your access to information
25 November, 2018

# 'Our identity is our culture'

## 2-day-long cultural festival held in Sreemangal




Artistes of ethnic community performing at the concluding day of a cultural festival organized jointly by Society for Environment and Human Development (SEHD), PPRC, CCDB and GBK. -AA

**AFM Abdul Hai, Sreemangal, Moulvibazar**

A two-day long cultural festival titled 'Our Identity, Our Culture' to ensure social, economical and political safety of ethnic communities was concluded on Friday in Sreemangal of Moulvibazar. Artistes of Monipuri, Saontal, Telegu, Tripura, Garo Turi community performed their traditional dances at the concluding day on Friday.

The festival was organized jointly by Society for Enviro-nment and Human Development (SEHD), Power and Participation Research Center (PP-RC), Christian Commi-ssion for Development in Bangladesh (CCDB) and Gram Bikash Kendra (GBK). A demand of establishing a Labor Court to flourish tea industry and organizing dialogues between workers and owners to develop the lifestyle of workers have been raised in the program.

The program was concluded at Brac Learning Center in Sreemangal. PPRC Executive Director and former Advisor of Caretaker Government Dr Hossain Zillur Rahman said in the program, 'owners seems to be doing so many things for tea workers, but those should be visible. Some notable problems of tea workers should be solved.' Dr Hossain Zillur Rahman emphasized on

arranging tri-monthly or half yearly discussion between workers and owners to solve the problems.

He said also, 'The development of tea workers along with other marginal communities is mandatory to achieve the sustainable SDGs. So we must think about the marginal backward communities.' Economist Prof Oahiduddin Mahmud inaugurated the program on Thursday where almost 400 people from 60 communities joined.

A discussion about lifestyle, social crisis, language of these marginal communities was held as well. Dr Hossain Zillur Rahman chaired a seminar on the second day. Bangladesh Tea Association's General Secretary Dr Kazi Muzaffor Ahmed said, 'Production of tea has been increased by 200% in the era of Bangladesh.

Tea worth Tk 813 crore was exported in 2017. So for sustainable development, tea workers should be brought under the main stream of the country. We have been working on that. A tea worker gets Tk 102 a day which reaches to Tk 352 with other facilities. Whereas, a labor at workshop gets wage worth Tk 320.'

Bangladesh Tea Workers Union General Secretary Rambojon Koiri said, 'Owners must play a positive role for sustainable development. Discussion is mandatory to solve the existing problems'Rajghat UP Chairman Bijoy Banarji said, 'Tea workers are expatriates at home land. They have no rights to land. Most of them remain idle.

Basic rights are yet a dream to the tea workers.' DU Associate Prof Dr Tanjimuddin Khan, Lecturer of Law Department Sarwat Shamin, Supreem Court Lawyer Barrister Jotirmoy Barua, SEHD Director Mr Philip Gain, GBK Director Moazzem Hossain, Milon Das, Bede leader Soud Khan, Sex Workers Network GS Aleya Akhter Lili among others were present in the program. Five workshops were organized at the two-day long festival.

**Accessed at:** https://dailyasianage.com/news/150836/our-identity-is-our-culturehttps://dailyasianage.com/news/150836/our-identity-is-our-culture

BANGLA NEWS 24.com

২২ নভেম্বর, ২০১৮

# শ্রীমঙ্গলে প্রান্তিক-বিচ্ছিন্ন জনগোষ্ঠীর মিলনমেলা

বিশ্বজিৎ ভট্টাচার্য বাপন, ডিভিশনাল সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম




বক্তব্য রাখছেন অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। ছবি : বাংলানিউজ

**মৌলভীবাজার:** 'ঐতিহ্যগতভাবে তাদের যে পেশা রয়েছে তা আমাদের সম্মান করা উচিত। সেই ঐতিহ্যকে সম্মান করে তাদের নতুন নতুন জায়গায় যেতে হবে। বর্তমান বাংলাদেশের এই সার্বিক উন্নয়নের ধারাকে আমরা মডেল বলছি। কিন্তু সেই মডেলে যদি আমাদের দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অংশগ্রহণ না থাকে তবে তা পুরোপুরিভাবে সফল হবে না।'

এ কথাগুলো বলেন প্রখ্যাত অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। 'কাউকে পেছনে ফেলে নয়' শীর্ষক প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথাগুলো বলেন।

তিনি আরো বলেন, '২০৩০ সালের মধ্যে আমাদের দারিদ্র সম্পূর্ণ দূর করে দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়তে হবে। কাজেই এখন বসে থাকার সময় নেই। প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর মধ্যে যাদের কর্মসংস্থান নেই, তাদের প্রশিক্ষণ দিয়ে জনশক্তিতে পরিণত করতে হবে।'

বৃহস্পতি ও শুক্রবার (২২ ও ২৩ নভেম্বর) দু'দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করে সোসাইটি ফর এনভারনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)।




বক্তব্য রাখছেন পিপিআরসি'র নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান। ছবি: বাংলানিউজ

প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করে তাদের বর্তমান অবস্থান মানচিত্রায়ণ এবং তাদের সক্ষমতা অর্জনের বিভিন্ন প্রতিবন্ধবতা ও উত্তরণের ধাপ নিয়ে আলোচনা করা হয়।

প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর পক্ষে সারগর্ভ আলোচনায় অংশ নেন- বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রাজভজন কৈরী, মৌলভীবাজার জেলা প্রশাসক মো. তোফায়েল ইসলাম, প্রখ্যাত লেখক ড. হরিশংকর জলদাস, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, বাংলাদেশ পরিসংখ্যা ব্যুরো এর প্রাক্তন পরিচালক ড. আবদুল ওয়াজেদ, টাঙ্গাইল মধুপুরের আচিক-মিচিক সোসাইটির পরিচালক সুলেখা মুরাং, বাংলাদেশ টি অ্যাসোসিয়েশন (বিটিএ) এর ভাইজ-চেয়ারম্যান আবদুল আওয়াল, গ্রাম বিকাশ কেন্দ্র (বিটিএ) এর প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন।



বক্তব্য রাখছেন সেড এর পরিচালক ফিলিপ গাইন। ছবি: বাংলানিউজ

সম্মেলনের উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য রাখেন সেড এর পরিচালক ফিলিপ গাইন। অনুষ্ঠানে সঞ্চালক এবং সভাপতির দায়িত্ব পালন করেন পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান।

দু'দিনে মোট ৮টি সমান্তরাল অধিবেশন চলবে। এর মধ্যে উল্লেখযোগ্য আলোচ্য বিষয়গুলো হলো- চা জনগোষ্ঠী, আদিবাসী এবং প্রান্তিক জনগোষ্ঠীর পরিচয়, ভাষা এবং সংস্কৃতি; চা জনগোষ্ঠী, আদিবাসী এবং প্রান্তিক জনগোষ্ঠীর ভূমির অধিকার; টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসজিডি) অর্জনে চা বাগানের মালিক ও শ্রমিকপক্ষের সংলাপ ও ঐক্য; বেদে, যৌনকর্মী, ঋষি, এবং আরো কিছু জাতিসত্তা (মুণ্ড, শব্দকর, পাত্র ইত্যাদি); প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সুরক্ষায় কর্মকৌশল নির্ধারণ ও সক্ষমতা বৃদ্ধি।
প্রতিদিন সন্ধ্যায় রয়েছে বিভিন্ন নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর সাংস্কৃতিক অনুষ্ঠান।
বাংলাদেশ সময়: ১৭৩২ ঘণ্টা, নভেম্বর ২২, ২০১৮ | *বিবিবি/আরবি/*

**Accessed at:** https://www.banglanews24.com/national/news/bd/686903.details

২৩ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীর সংস্কৃতি জাতীয় গৌরবের প্রতীক

বিশ্বজিৎ ভট্টাচার্য বাপন, ডিভিশনাল সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম



সুচারু মুদ্রায় নৃত্য পরিবেশন করছেন এক মণিপুরী নৃত্যশিল্পী। ছবি: বাংলানিউজ

**মৌলভীবাজার:** 'আমাদের পরিচয় আমাদের সংস্কৃতি' -এই স্লোগানটি ততক্ষণে আলো ঝলমলে হয়ে ওঠেছে। মঞ্চের লাল, নীল, হলুদ প্রভৃতি রঙের বাতি সুবিধাবঞ্চিত নৃ-জনগোষ্ঠীর সৃজনশীল মানুষদের মুখশ্রীকে উজ্জ্বল করার নিরন্তর চেষ্টা করে চলেছে। এ যেন সুবিধাবঞ্চিত চা বাগান আর পাহাড়ি মানুষদের আত্মসত্ত্বাটুকু নিয়ে ঝলছে ওঠার মহেন্দ্রক্ষণ।

দরিদ্রতার চৌ-কাঠকে পেছনে ফেলে মাথা উঁচু করে বুক টান করে দাঁড়াবার প্রত্যয় কিংবা তাদের অধ্যবসায়লব্ধ নৃত্যের শৈল্পিক মুদ্রা অথবা ছন্দনির্ভর হয়ে ধীর পায়ে এগিয়ে যাবার গতি-প্রকৃতি; সব যেন একই মঞ্চে অমর হয়ে উঠতে চায়। নৃত্যের তালে তালে বেজেছে আত্মবিজয়ের অবিনাশী সুর।




'কাউকে পেছনে ফেলে নয়' শীর্ষক প্রান্তিক ও বিছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে ২২-২৩ নভেম্বর দু'দিনব্যাপী সম্মেলন শুরু হয়েছে।প্রতিদিন সন্ধ্যায় শুরু হয়েছে বিভিন্ন নৃ-জনগোষ্ঠীদের পরিবেশিত সাংস্কৃতিক আয়োজন। বৃহস্পতিবার (২২ নভেম্বর) এর প্রথম আয়োজন এটি অনুষ্ঠিত হয় শ্রীমঙ্গলের মহসীন অডিটরিয়ামে।
সূচনা বক্তব্য দেন বাংলাদেশ চা জনগোষ্ঠী আদিবাসী ফ্রন্টের সভাপতি পরিমল সিং বাড়াইক। আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতির ওপর প্রবন্ধ পাঠ করেন দিনাজপুর সরকারি

সাংস্কৃতিক পরিবেশনার উদ্বোধন করেন পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান।

পরিমল সিং বাড়াইকের সঞ্চালনায় শুরু হয় সাংস্কৃতিক আয়োজন। প্রথমেই পরিবেশিত হয় পালকিছড়া চা বাগানের নৃ-জনগোষ্ঠীর (মুন্ডা, সাওতাল, খাটোয়াল, ওরাং প্রভৃতি) নৃত্য। 'জাগো বাংলাদেশ' দেশাত্ববোধক এ গানটির সাথে সমবেত নৃত্য পরিবেশিত হয়।

দ্বিতীয়পর্বে কালেঙ্গাপুঞ্জির খাসিয়া জনগোষ্ঠী পরিবেশন করে সাদ মাস্তি নাচ। মিউজিকের তালে তালে এ নৃত্যে অংশ নেয় নীরব ও তার দল।

তৃতীয়পর্বে পরিবেশিত হয় বিষ্ণুপ্রিয়া মণিপুরী সম্প্রদায়ের অংশগ্রহণে মোট তিনটি নৃত্য। রাখাল রাসলীলা, কলস নৃত্য এবং মৃদঙ্গ নৃত্য। রাখাল রাসলীলার মুগ্ধতা ছড়ালো দারুণভাবে। তাদের সমবেত এই নাচ অপূর্ব নান্দনিকতার পরিচয় বহন করে। এক পরিবেশনায় প্রত্যেকের দর্শকের দৃষ্টি কাড়লো কলস নৃত্যটি। মৃদঙ্গ নৃত্যের কথা তো না বললেই নয়। সমবেত এ পরিবেশনাটি যেন নৃত্যের উচ্চ শাখায় অধিষ্ঠিত।

মণিপুরী ভাষা ও সংস্কৃতি অত্যন্ত প্রাচীন ও সমৃদ্ধ। এ সংস্কৃতির উল্লেখযোগ্য দিক হলো নৃত্যকলা। মণিপুরী নৃত্যকে প্রধান দু'টি ধারায় ভাগ করা যায়। এর একচি লোকনৃত্য, অন্যটি শাস্ত্রীয়নৃত্য।

লাইহারাউবা, খাম্বা-থোইবী, থাবল চোংবী, মাইবী জাগোই, লৈইমা জাগোই ইত্যাদি পড়ে লোকনৃত্যের আওতায়। আররাসনৃত্য, গোষ্ঠলীলা ও উদূখল, মৃদঙ্গনৃত্য পড়ে শাস্ত্রীয়নৃত্যের আওতায়। নৃত্যগুলো সাধারণত বিভিন্ন অনুষ্ঠান ও কার্তিকীয় রাস উৎসব, রথযাত্রা, পৌষ সংক্রান্তি, দোলযাত্রা এবং চৈত্র সংক্রান্তি উৎসবে পরিবেশন করা হয়ে থাকে।

চতুর্থ পরিবেশনা ছিল তেলেগু সম্প্রদায়ের লাঠি নৃত্য। এই নৃত্যটি তেলেগু জনগোষ্ঠীদের স্বতন্ত্র একটি নাচ। মূলত হলি উৎসব কেন্দ্রিক যুবকদের এই নাচটি। অনান্য চা জনগোষ্ঠীর যুবকরাও করে থাকেন। তবে তেলেগুরা বাদ্যযন্ত্র ছাড়াই লাঠির বাজনা বাজিয়ে গানের তালে তালে নাচেন।

অন্যরা বাদ্যযন্ত্র বাজিয়ে নাচেন। এই নাচটি যেকোন শুভ অনুষ্ঠান ও আনন্দ অনুষ্ঠানে হয়ে থাকে। শুভ অনুষ্ঠানের প্রতীক হিসেবে নাচটিতে পোশাক হিসেবে তেলেগু যুবকরা কাপড় ধুতি গামছা ও গেঞ্জি পরিধান করে ছিলেন। এই তেলেগু জনগোষ্ঠীরা এসেছেন শসসেরনগর চা বাগান থেকে। পঞ্চম পরিবেশনায় ছিল তেলেগু সম্প্রদায়ের ডাল নৃত্য। এটি তেলেগু জনগোষ্ঠীদের নিজস্বভাষায় কীর্তন কেন্দ্রিক নাচ ও গান। মাঝখানে মঙ্গলদ্বীপ রেখে কীর্তনের গানে গানে খোল ও করতালের তালে তালে দাঁড়িয়ে, ঘুরে ঘুরে নাচ ও গান করা হয়।

সাঁওতালদের ‘দং নৃত্য’ এবং ‘লাগড়ে নৃত্য’ ছিল ষষ্ঠ পরিবেশনার অংশ। সাঁওতালদের ‘বাহা উৎসব’ (অর্থাৎ সাঁওতালি ভাষায় বর্ষবরণকে ‘বাহা’ বলা হয়) সহ বিবাহ ও বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে এই নৃত্যটি পরিবেশন করা হয়। ফুলছড়ি চা বাগান থেকে এসেছিল সাওতাল জনগোষ্ঠীরা।

সপ্তম এবং শেষ পরিবেশনা ছিল সিলেটের ঐতিহ্যবাহী ধামাইল নৃত্য। এ সমবেত নৃত্যটি পরিবেশন করেন শ্রীমঙ্গলের নোওয়াগাঁও এলাকার শব্দকর সম্প্রদায়ের অধিবাসীরা। নৃত্যটি সাধারণত সনাতন ধর্মাবলম্বীদের বিয়ের অনুষ্ঠানে অধিবাসের দিনে পরিবেশন করা হয়।

এটি সবার কাছে জনপ্রিয় হওয়ায় আজকাল বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে এই নৃত্য পরিবেশিত হয়ে থাকে। এই নৃত্যে ধর্মীয় ও আধ্যাত্মিক গান গাওয়া হয়। নৃত্যটিতে পুরুষ ও নারা শাড়ি ও ধুতি পরিধান করে অংশ নেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ, সোসাইটি ফর এনভারনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্টের (সেড) পরিচালক ফিলিপ গাইন।

বাংলাদেশ সময়: ০৪১৭ ঘণ্টা, নভেম্বর ২৩, ২০১৮
*বিবিবি/এমএ*

**Accessed at:** https://www.banglanews24.com/feature/news/bd/686976.details

BANGLA NEWS 24.com

২৩ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য বিষয়ক মুক্ত আলোচনা

ডিভিশনাল সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ২০১৮-১১-২৩ ৪:১০:৩১ পিএম




প্রজনন ও স্বাস্থ্য অধিকার বিষয়ক সেমিনার। ছবি: বাংলানিউজ

**মৌলভীবাজার:** মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ‘কাউকে পেছনে ফেলে নয়’-এ স্লোগানে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে দু’দিনব্যাপী সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের শেষদিনে পাঁচটি সমান্তরাল অধিবেশন পরিচালিত হয়েছে।

দ্বিতীয়দিন শুক্রবারের (২৩ নভেম্বর) এ অধিবেশনের মধ্যে অন্যতম ছিল চা জনগোষ্ঠী, বেদে ও হরিজন সম্প্রদায়ের প্রজনন ও স্বাস্থ্য অধিকার শীর্ষক সেমিনার। এতে স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন পরামর্শ ও মুক্ত আলোচনা করেন সংশ্লিষ্ট ব্যক্তিরা।

সোসাইটি ফর এনভারনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পারটিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এ সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে।

জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) স্বাস্থ্য শাখার প্রধান ডা. সত্যনারায়ণ ডোরাসওয়ামি সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইউএনএফপিএ'র রিপ্রোডাক্টিভ হেলথের প্রজেক্ট টেকনিক্যাল অফিসার মো. সামসুজ্জামান।

আলোচনায় স্থানীয় মেডিকেল অফিসার ডা. নূর এ আলম সিদ্দিকী, শ্রীমঙ্গল শ্রমকল্যাণ কেন্দ্রের সিনিয়র মেডিকেল অফিসার ডা. নিবাস চন্দ্র পাল, ওয়াটার এইডের (বাংলাদেশ) ফাণ্ড রেইজিং অ্যান্ড লার্নিং প্রজেক্টের পরিচালক ইমরুল কায়েস মনিরুজ্জামান, 'আমাদের ফাউন্ডেশন'র নির্বাহী পরিচালক সারা মারান্ডি এবং নারী নেত্রী গীতা গোস্বামী স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন পরামর্শ তুলে ধরেন।

বাংলাদেশ সময়: ১৬০২ ঘণ্টা, নভেম্বর ২৩, ২০১৮
*ওএইচ/*

***Accessed at:*** https://www.banglanews24.com/national/news/bd/687045.details

২৪ নভেম্বর, ২০১৮

# সমৃদ্ধ সাংস্কৃতিক অস্তিত্বের জানান দিলো নৃ-গোষ্ঠীরা

বিশ্বজিৎ ভট্টাচার্য বাপন, ডিভিশনাল সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম
আপডেট: ২০১৮-১১-২৪ ১২:০০:০৬ পিএম



ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের নৃত্য-ছবি: বিশ্বজিৎ ভট্টাচার্য বাপন

**মৌলভীবাজার:** এ দেশে নানা নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর বসবাস। প্রত্যেক্যেরই রয়েছে নিজস্বতা, গৌরবময় সংস্কৃতি। সংস্কৃতির এই মেলবন্ধনে তারাও বিশ্বজনীন হয়ে উঠতে চায় সগৌরবে।

‘আমাদের পরিচয়, আমাদের সংস্কৃতি’ -এই স্লোগানটি ঘিরে শ্রীমঙ্গলে অনুষ্ঠিত হলো দু’দিনব্যাপী (২২-২৩ নভেম্বর) সম্মেলন ও সাংস্কৃতিকপর্ব। প্রান্তিক ও বিছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা দানে করণীয় ভূমিকা নিয়ে নানা মতামত, ব্যাখ্যা-বিশ্লেষণ করেছেন সারাদেশ থেকে আসা জাতীয় ব্যক্তিসহ নৃ-জনগোষ্ঠীর প্রতিনিধিরা।

শুক্রবার (২৩ নভেম্বর) সাংস্কৃতিক সন্ধ্যার শেষ আয়োজনে শ্রীমঙ্গল মহসীন অডিটরিয়ামে পরিপূর্ণ দর্শকের উপস্থিতিতে সাঁওতাল, ওরাও, গারো, মুন্ডা, ঘটোয়ার, ভূমিজ প্রভৃতি নৃ-সমাজের প্রতিনিধিরা তাদের নৃত্য, গীতি এবং নাটক নিয়ে নিজেদের সংস্কৃতি তুলে ধরেন।

এই সাংস্কৃতিক পর্বে প্রধান অতিথি হয়ে এর উদ্বোধন ঘোষণা করেন বরেণ্য লেখক ড. হরিশংকর জলদাস। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ চা জনগোষ্ঠী আদিবাসী ফ্রন্টের সভাপতি পরিমল সিং বাড়াইক। 'বৃহত্তর সিলেট অঞ্চলের প্রান্তিক জনগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি' -এই বিষয়ের উপর প্রবন্ধ পাঠ করেন সিলেটের কবি ও গবেষক এ কে শেরাম।

নৃ-জনগোষ্ঠীর নেতা পরিমল সিং বাড়াইকের সঞ্চালনায় শুরু হয় সাংস্কৃতিক পর্ব। পালকিছড়া চা বাগানের মুন্ডা, ওরাও, সাঁওতাল, রায়, ঘাটোয়ার প্রভৃতি নৃ-জনগোষ্ঠীরা নিয়ে আসেন 'হৃদয়ে বাংলাদেশ' শীর্ষক নৃত্য।

এরপর পরিবেশিত হয় শ্রীমঙ্গলের রামনগর মৈতে সম্প্রদায়ের ঐতিহ্যবাহী মণিপুরী নৃত্য। তাদের নৃত্যের দু'টি ধারা ৩০ মিনিটের মধ্যে এখানে উপস্থাপিত হয়। প্রথমটি- 'রাস নৃত্য'। কার্তিকীয় রাস উৎসবে মনোমুগ্ধকর রাস নৃত্য হয়ে থাকে। এছাড়া ব্যাক্তিগতভাবে কেউ মানত করলে সামাজিকভাবে এই নৃত্যের আয়োজন করা হয়। নৃত্যটিতে কাপড়ের তৈরি জাগোই পোশাক পরে পুং এবং করতালের তালে তালে গান করে মাসের পূর্নিমাতে রাস নৃত্য করা হয়। মণিপুরী নৃত্যের পরবর্তী পরিবেশিত ধারাটি হলো- 'নূপি পালা'। রথযাত্রার সময় নূপি পালার নৃত্য করা হয়। ভগবানের তুষ্টির জন্য নারীরা এই গান ও নাচ করেন।

তৃতীয় পর্বে 'গারো-নৃত্য' নিয়ে মঞ্চে আসে গারো সম্প্রদায়ের নৃ-জনগোষ্ঠীরা। হরিণছড়া চা বাগান, বিদ্যাবিল চা বাগান এবং নাসিমাবাদ চা বাগানের চা শ্রমিকরা এই চমৎকার নৃত্যটি পরিবেশন করেন।

সিন্দুরখান চা বাগানের তাঁতি, বুনার্জী, মাহালি, দাস প্রভৃতি সম্প্রদায় চতুর্থ পর্বে পরিবেশন করেন মনোমুগ্ধকর 'ওরিয়া নৃত্য'। ওড়িয়া জনগোষ্ঠীর বিভিন্ন নৃত্য ও গীত রয়েছে। এই জনগোষ্ঠীর প্রধান ধর্মীয় উৎসব 'দন্ড ব্রত'। এই যাত্রাপালার মাধ্যমে শিব ও গৌরীর মাহাত্ম্য প্রচার করা হয়।

পঞ্চমপর্বে পালকিছড়া চা বাগানের শ্রমিকরা পরিবেশন করেন 'ঝুমুর নৃত্য ও গান'। ঝুমুর নৃত্য চা জনগোষ্ঠীদের একটি জনপ্রিয় নাচ। মৃত্যু অনুষ্ঠান বাদে সব ধরনের সামাজিক অনুষ্ঠানে এ নৃত্যটি পরিবেশন করা হয়।

এরপর অনুষ্ঠিত হয় মুন্ডা জনগোষ্ঠীদের 'লাঠি নৃত্য'। চা জনগোষ্ঠীদের অতি জনপ্রিয় নৃত্য কাঠি নাচ। এই নাচটি সাধারণত শ্রী কৃষ্ণের দোলযাত্রা উৎসবে পরিবেশন করা হয়। তারা রাধাকৃষ্ণ ও গোপিসখা সেজে কাঠি হাতে জোড়ায় জোড়ায় নৃত্য পরিবেশন করে।

সবশেষে পরিবেশিত হয় চা জনগোষ্ঠীর কালচার ও ভূমি অধিকার বিষয়ক নাটক- 'নিজ ভূমে প্রবাসী'। এটি পরিবেশন করেন হবিগঞ্জ চুনারুঘাটের দেউন্দি চা বাগানের ভূমিজ, গোয়ালা, বাউরি, চাষা, বিশ্বাস, রায়, ঘাটোয়ার প্রভৃতি ক্ষুদ্র জনগোষ্ঠীর চা শ্রমিক ও তাদের সন্তানরা। এই নাটকটির রচনা ও পরিচালনায় ছিলেন ডা. সুনীল বিশ্বাস। চা জনগোষ্ঠীর ঐতিহাসিক একটি আন্দোলন 'মূলকে চলো'। ১৯২১ সালের ২ মে এই আন্দোলনটি হয়েছিল। আন্দোলনেরই প্রেক্ষাপট নিয়েই ছিল এই নাটকটি।

বাংলাদেশ সময়: ১১৫৯ ঘণ্টা, ২৪ নভেম্বর, ২০১৮
**Accessed at:** https://www.banglanews24.com/feature/news/bd/687154.details

বাংলা ট্রিবিউন

২২ নভেম্বর, ২০১৮

# ‘প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়’




বক্তব্য রাখছেন অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ (ছবি–প্রতিনিধি)

**মৌলভীবাজার প্রতিনিধি**

‘গত কয়েক বছরে নারী ও শিশু মৃত্যুর হার, শিশু শিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সূচকে বাংলাদেশ অনেকটা এগিয়েছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয়, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্যসীমা অতিক্রম করা।’

বৃহস্পতিবার (২২ নভেম্বর) মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা শীর্ষক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বের প্রধান অতিথির বক্তব্যে অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এসব কথা বলেন।

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে।

অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ‘টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্যসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি, তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই উদ্যোগ নিতে হবে।’

তিনি আরও বলেন, 'নানাভাবে আমাদের সমাজে প্রান্তিক জনগোষ্ঠী তৈরি হয়েছে, যাদের সবাই দরিদ্র। এদের সবার সমস্যা এক ধরনের নয়। তাই একটি প্রকল্প বা একই পরিকল্পনার মাধ্যমে তাদের সবাইকে উন্নয়নের ধারায় আনা সম্ভব নয়। স্ব স্ব জনগোষ্ঠীর সমস্যা চিহ্নিত করেই সমস্যা সমাধানে উদ্যোগ নিতে হবে।'

তিনি বলেন, 'টেকসই উন্নয়নের বড় শর্ত হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা। এজন্য বন, পাহাড়, জলাশয়, প্রাকৃতিক সম্পাদক রক্ষা করতে হবে। আর সেটা করতে পারলে টেকসই উন্নয়ন যেমন হবে, তেমনি প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত হবে।'

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড'র পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হচ্ছে।

সম্মেলনের উদ্বোধনী পর্বের সভপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, 'বতর্মান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্তা, কাউকে পেছনে ফেলে নয়। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতি-নির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।'

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'চা-শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিকশাচালক প্রতিদিন অন্তত ৫০০ টাকা আয় করেন। কিন্তু একজন চা-শ্রমিকের মজুরি মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। অনেকে বলেন, চা-বাগান টিকিয়ে রাখতে শ্রমিকদের টিকিয়ে রাখতে হবে। এটা কোনও কথা হতে পারে না। চা-বাগান টিকিয়ে রাখার চেয়ে আমাদের কাছে গুরুত্বপূর্ণ লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃত মানুষ করা। এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তির জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।'

তিনি বলেন, 'আমাদের সবাইকে যার যার স্থান থেকে সমাজকে এগিয়ে নিতে কাজ করতে হবে। তাহলেই মানুষের সমাজে মানবতা প্রতিষ্ঠা পাবে।'

উদ্বোধনী পর্বে আরও বক্তব্য রাখেন- মৌলবীবাজার জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, অধ্যাপক হরিশঙ্কর জলদাস, পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আব্দুল ওয়াজেদসহ অনেকে।

**Accessed at:**

http://www.banglatribune.com/country/news/389093/%E2%80%98%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%97%E0%A7%8B%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A7%80%E0%A6%95%E0%A7%87-%E0%A6%AA%E0%A7%87%E0%A6%9B%E0%A6%A8%E0%A7%87-%E0%A6%B0%E0%A7%87%E0%A6%96%E0%A7%87-%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%E0%A6%B8%E0%A6%87-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8

বার্তা বাজার
সময়ের প্রতিধ্বনি

২৪ নভেম্বর, ২০১৮

# শ্রীমঙ্গলে শ্রম আদালত স্থাপনের দাবি




**তোফায়েল পাপ্পু, শ্রীমঙ্গল (মৌলভীবাজার),**

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে বাংলাদেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষায় দুই দিনব্যাপী অনুষ্ঠিত সম্মেলন থেকে চা শিল্পের বিকাশ ও চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে মালিক-শ্রমিকদের নিয়মিত সংলাপ এবং শ্রীমঙ্গলে দ্রুত শ্রম আদালত স্থাপনের দাবি জানানো হয়েছে।

গত ২৩ নভেম্বর শুক্রবার শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে সমাপনী বক্তব্যে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ‘চা শ্রমিকদের জন্য মালিকপক্ষ অনেক কিছুই করছেন বলে বলা হচ্ছে। কিন্তু সেগুলো সামনে দৃশ্যমান নয়। শ্রমিকদেরও অনেক দাবি রয়েছে যা আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন। এজন্য তিন মাস পর পর না হলেও অন্তত ছয় মাসে এক বার হলেও মালিকদের সাথে শ্রমিকদের সরাসরি বৈঠক হওয়া দরকার। তাহলে সমস্যা সহজেই সমাধান করা সম্ভব হবে।’ তিনি বলেন, ‘চা জনগোষ্ঠীসহ আমাদের দেশে পিছিয়ে পড়া আরো বেশ কয়েকটি জনগোষ্ঠী আছেন যাদের বাদ দিয়ে বা পেছনে রেখে আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারবো না। তাই সামগ্রিক উন্নয়নের পাশাপাশি এসব জনগোষ্ঠী নিয়েও আমাদের ভাবতে হবে।’

সম্মেলনে বাংলাদেশ টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. কাজী মুজ্জাফর আহমেদ বলেন, ‘এই অঞ্চলে চা শিল্পের বিকাশকাল হিসেবে ব্রিটিশ, পাকিস্তান ও বাংলাদেশ সময়কে ভাগ করা যায়। এর মধ্যে বাংলাদেশ সময়ে প্রায় ২০০ শতাংশ উৎপাদন বেড়েছে। ২০১৭ সালে বাংলাদেশ এক হাজার ৮১৩ কোটি টাকার চা রপ্তানি করেছে। বাংলাদেশে টেকসই উন্নয়নের জন্য চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের মাধ্যমে মূল ধারায় নিয়ে আসতে হবে। এজন্য আমরা কাজ করছি। তাদের মূল মজুরী ১০২ টাকা হলেও বিভিন্ন সুযোগ-সুবিধার মাধ্যমে তা দাঁড়ায় প্রতিদিন ৩৫২ টাকায়। আর যারা কারখানায় কাজ করেন তাদের মজুরী হয় ৩২০ টাকা।’

তবে বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন সাধারণ সম্পাদক রামভজন কৈরী বলেন, ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা মানে উন্নয়নকে স্থায়ী করা। এজন্য মালিকপক্ষের ইতিবাচক ভূমিকা দরকার। আমাদের শ্রমিকদের মগজে ঢুকে যাওয়া ‘মালিক আমাদের ঠকায়’ এই চিন্তা বদলাতে হবে। এই ধারণা বা বিশ্বাস ভাঙতে মালিকপক্ষকে কাজ করতে হবে। কিন্তু তারা আমাদের সাথে বসতে চান না।’

বাংলাদেশ সরকারের বিদ্যমান আইনের সমালোচনা করে রামভজন কৈরী বলেন, ‘ম্যানেজারের জুতা খুলে ও পরিয়ে দেওয়ার জন্য একটি পদ এখনও আছে। এর মাধ্যেমে প্রভু আর ভৃত্বের সম্পর্ক স্থাপন করা হচ্ছে। এখনই এই পদ বাতিল করতে হবে।’ তিনি আরো বলেন, ‘আইনের অনেক সমালোচনা আছে, কিন্তু এর মধ্যে যে ভালো দিক আছে সেগুলো বাস্তবায়ন করতে পারলে আমরা অনেক এগিয়ে যাবো।’

**Accessed at:** http://bartabazar.com/archives/50501

bd24report.com
সবার আগে সব খবর

২২ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব




**তোফায়েল পাপ্পু, শ্রীমঙ্গল, প্রতিনিধি, মৌলভীবাজার,**

কাউকে পেছনে ফেলে নয় এই প্রতিবাদ্য নিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)। পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)। খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি), গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এর আয়োজনে ২দিনব্যাপী এ অনুষ্ঠানমালা অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার (২২ নভেম্বর) সকালে শ্রীমঙ্গলস্থ ব্র্যাক লার্নিং সেন্টারে ১ম দিন উদ্বোধনী আলোচনা সভায় পিপি আরসি এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

অনুষ্ঠানের মূল প্রবন্ধক ছিলেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) এর পরিচালক ফিলিপ গাইন।

সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, উপচার্য, ইতিহাসবিদ অধ্যাপক আহমেদ কামাল, জেলা প্রশাসক মো. তোফায়েল ইসলাম, বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস, আচিক মিচিক সোসাইটির সভাপতি সুলেখা ম্রং, বাংলাদেশ টি এসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান মো. আব্দুল আউয়াল, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রাক্তন মহাপরিচালক মো. আব্দুল ওয়াজেদ, গ্রাম বিকাশ কেন্দ্রের প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে চা জনগোষ্ঠী, ক্ষুদ্রজাতিসত্তা ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠী, সুশীল সমাজ, স্থানীয় প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তারা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে গবেষণা ও অনুসন্ধান থেকে এ পর্যন্ত যেসব তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে এর সার সংক্ষেপ তুলে ধরেন।

উল্লেখ সেড, পিপি আরসি, সিসিডিবি, জিবিকে এই চারটি প্রতিষ্ঠান প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করে তাদের বর্তমান অবস্থার মানচিত্রায়ণ এবং তাদের সক্ষমতা ও যোগাযোগ শক্তিশালী করতে ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে সাড়ে তিন বছরের একটি প্রকল্প ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কোঅপারেশনের অর্থায়নে পরিচালনা করছে।

**Accessed at:** https://bd24report.com/2018/11/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%93-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%9A%E0%A7%8D%E0%A6%9B%E0%A6%BF%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8-%E0%A6%9C%E0%A6%A8/

BDTODAYS
www.bdtodays.com

২২ নভেম্বর, ২০১৮

# রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত




**কে এস এম আরিফুল ইসলাম, মৌলভীবাজার**

কাউকে পেছনে ফেলে নয় এই প্রতিবাদ্য নিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপি আরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি), গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এর আয়োজনে ২ দিনব্যাপী এ অনুষ্ঠানমালা অনুষ্ঠিত হচ্ছে।

বৃহস্পতিবার (২২ নভেম্বর) সকালে শ্রীমঙ্গলস্থ ব্র্যাক লার্নিং সেন্টারে ১ম দিন উদ্বোধনী আলোচনা সভায় পিপি আরসি এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।
অনুষ্ঠানের মূল প্রবন্ধক ছিলেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) এর পরিচালক ফিলিপ গাইন।

সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপচার্য, অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি ইতিহাসবিদ অধ্যাপক আহমেদ কামাল, জেলা প্রশাসক মো. তোফায়েল ইসলাম, বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস, আচিক মিচিক সোসাইটির সভাপতি সুলেখা, বাংলাদেশ টি এসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান মো. আব্দুল আউয়াল, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রাক্তন মহাপরিচালক মো. আব্দুল ওয়াজেদ, গ্রাম বিকাশ কেন্দ্রের প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে চা জনগোষ্ঠী, ক্ষুদ্রজাতিসত্তা ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠী, সুশীল সমাজ, স্থানীয় প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তারা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে গবেষণা ও অনুসন্ধান থেকে এ পর্যন্ত যেসব তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে এর সার সংক্ষেপ তুলে ধরেন।

উল্লেখ্য সেড, পিপি আরসি, সিসিডিবি, জিবিকে এই চারটি প্রতিষ্ঠান প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করে তাদের বর্তমান অবস্থার মানচিত্রায়ণ এবং তাদের সক্ষমতা ও যোগাযোগ শক্তিশালী করতে ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে সাড়ে তিন বছরের একটি প্রকল্প ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কো-অপারেশনের অর্থায়নে পরিচালনা করছে। উক্ত অনুষ্ঠান বিষয়ে আগামীকাল শুক্রবার টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা বাগানের মালিক ও শ্রমিক পক্ষের সংলাপ ও ঐক্য বিষয়ক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**Accessed at:**
https://bdtodays.com/%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%9C%E0%A6%A8%E0%A7%88%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%B8%E0%A7%81%E0%A6%B0%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BE-%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%B7%E0%A7%9F%E0%A6%95-%E0%A6%B8/

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ

২৩ নভেম্বর, ২০১৮

# ‘প্রান্তিক জনগোষ্ঠীকে বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়’



**প্রতিনিধি, মৌলভীবাজার:**

‘গত কয়েক বছরে নারী ও শিশুমৃত্যুর হার, শিশুশিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সূচকে বাংলাদেশ অনেকটা এগিয়ে গেছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ মূল ধারার বাইরে থাকা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয় ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্যসীমা অতিক্রম করা।’

গতকাল বৃহস্পতিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা শীর্ষক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বের প্রধান অতিথির বক্তব্যে বিশিষ্ট অর্থনীতিবিদ ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এ কথা বলেছেন।
সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করেছে।

অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ‘টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্যসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি, তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই কার্যকর উদ্যোগ নিতে হবে।’

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেডের পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা ও সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সম্মেলনের উদ্বোধনী পর্বের সভাপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ‘বর্তমান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্তা কাউকে পেছনে ফেলে নয়। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মেলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতিনির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।’

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ‘চা শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিকশাচালক প্রতিদিন অন্তত ৫০০ টাকা আয় করেন, কিন্তু একজন চা শ্রমিকের মজুরি মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃতভাবে মানুষ করতে হবে। এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তির জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।’

**Accessed at:**

http://sharebiz.net/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%97%E0%A7%8B%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A7%80%E0%A6%95%E0%A7%87-%E0%A6%AC%E0%A6%BE/

দৈনিক ইত্তেফাক

২৫ নভেম্বর, ২০১৮

# শ্রীমঙ্গলে চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও শ্রম আদালত স্থাপনের দাবি

## প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সুরক্ষা সম্মেলনে বক্তারা




শ্রীমঙ্গল (মৌলভীবাজার): ব্র্যাক লার্নিং সেন্টারে অনুষ্ঠিত সম্মেলনে বক্তারা—ইত্তেফাক

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা**

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে বাংলাদেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষায় দুই দিনব্যাপী অনুষ্ঠিত সম্মেলন থেকে চা শিল্পের বিকাশ ও চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে মালিক-শ্রমিকদের নিয়মিত সংলাপ এবং শ্রীমঙ্গলে দ্রুত শ্রম আদালত স্থাপনের দাবি জানানো হয়েছে।

গত শুক্রবার শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে সমাপনী বক্তব্যে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ‘চা শ্রমিকদের জন্য মালিকপক্ষ অনেক কিছুই করছেন বলে বলা হচ্ছে। কিন্তু সেগুলো দৃশ্যমান নয়। শ্রমিকদেরও অনেক দাবি রয়েছে যা আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন।’ তিনি বলেন, ‘চা জনগোষ্ঠীসহ আমাদের দেশে পিছিয়ে পড়া আরও বেশ কয়েকটি জনগোষ্ঠী আছেন যাদের বাদ দিয়ে বা পেছনে রেখে আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারব না। তাই সামগ্রিক উন্নয়নের পাশাপাশি এসব জনগোষ্ঠী নিয়েও আমাদের ভাবতে হবে।’

সম্মেলনে বাংলাদেশ টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. কাজী মুজাফফর আহমেদ বলেন, বাংলাদেশে টেকসই উন্নয়নের জন্য চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের মাধ্যমে মূল ধারায় নিয়ে

আসতে হবে। এজন্য আমরা কাজ করছি। তাদের মূল মজুরি ১০২ টাকা হলেও বিভিন্ন সুযোগ-সুবিধার মাধ্যমে তা দাঁড়ায় প্রতিদিন ৩৫২ টাকায়। আর যারা কারখানায় কাজ করেন তাদের মজুরি হয় ৩২০ টাকা।'

**Accessed at:**

http://www.ittefaq.com.bd/print-edition/other/4491/%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A7%80%E0%A6%AE%E0%A6%99%E0%A7%8D%E0%A6%97%E0%A6%B2%E0%A7%87-%E0%A6%9A%E0%A6%BE-%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%95%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%9C%E0%A7%80%E0%A6%AC%E0%A6%A8%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%93-%E0%A6%B6%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AE-%E0%A6%86%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%B2%E0%A6%A4-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A5%E0%A6%BE%E0%A6%AA%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%BF

দৈনিক সিলেটের ডাক
THE DAILY SYLHETER DAK
২৩ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়---অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ




শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা শীর্ষক ২ দিনের সম্মেলনের উদ্বোধন পত্রে প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) থেকে নিজস্ব সংবাদদাতা:**

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ বলেছেন, ‘গত কয়েক বছরে নারী ও শিশু মৃত্যুর হার, শিশু শিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সূচকে বাংলাদেশ অনেকটা এগিয়ে গেছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ মূল ধারার বাইরে থাকা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয়, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করা।’
গতকাল বৃহস্পতিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রজনৈতিক সুরক্ষা শীর্ষক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এ কথা বলেছেন। তিনি আরও বলেন, ‘টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই

কার্যকরী উদ্যোগ নিতে হবে। টেকসই উন্নয়নের বড় শর্ত হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা। এজন্য বন, পাহাড়, জলাশয়, প্রাকৃতিক সম্পদ রক্ষা করতে হবে। আর সেটা করতে পারলে টেকসই উন্নয়ন যেমন হবে, তেমনি প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত হবে।

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)Ñযৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে। সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড'র পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হচ্ছে।

সম্মেলনের উদ্বোধনী পর্বের সভাপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, 'বর্তমান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্তা 'কাউকে পেছনে ফেলে নয়'। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মেলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতি নির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।'

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'চা শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিক্সাচালক প্রতিদিন অন্ততঃ ৫০০ টাকা আয় করেন। কিন্তু একজন চা শ্রমিকদের মজুরী মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। অনেকে বলেন, চা বাগান টিকিয়ে রাখতে শ্রমিকদের টিকিয়ে রাখতে হবে। এটা কোনো কথা হতে পারে না। চা বাগান টিকিয়ে রাখার চেয়ে আমাদের কাছে গুরুত্বপূর্ণ লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃতভাবে মানুষ করা। এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তির জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।' তিনি বলেন, 'আমাদের সবাইকে যার যার স্থান থেকে সমাজকে এগিয়ে নিতে কাজ করতে হবে। তাহলেই মানুষের সমাজে মানবতা প্রতিষ্ঠা পাবে।'

উদ্বোধনী পর্বে আরো বক্তব্য রাখেন মৌলভীবাজারের জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, অধ্যাপক হরিশঙ্কর জলদাস, পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আব্দুল ওয়াজেদ, সুলেখা ¤্রং, চা বাগান মালিক প্রতিনিধি আব্দুল আওয়াল, বাংলাদেশে চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি আব্দুল কাদের, গ্রাম বিকাশ কেন্দ্রের মুয়াজ্জেম হোসেন প্রমুখ।

সন্ধ্যায় খাসি, মণিপুরী, শব্দকর, মাদল এবং আদিবাসী চা জনগোষ্ঠী সাংস্কৃতিক দলের অংশগ্রহণে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।

**Accesed at:** http://sylheterdak.com.bd/details.php?id=19386

দৈনিক সিলেটের ডাক
THE DAILY SYLHETER DAK

২৪ নভেম্বর, ২০১৮

# শ্রমিকদের দাবি আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন---ড. হোসেন জিল্লুর রহমান

## শ্রীমঙ্গলে দুই দিনব্যাপী সম্মেলন সম্পন্ন

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) থেকে নিজস্ব সংবাদদাতা**

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, শ্রমিকদের অনেক দাবি রয়েছে-যা আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন। এজন্য তিন মাস পর পর না হলেও অন্তত: ছয় মাসে এক বার হলেও মালিকদের সাথে শ্রমিকদের সরাসরি বৈঠক হওয়া দরকার। তাহলে সমস্যা সহজেই সমাধান করা সম্ভব হবে।

শ্রীমঙ্গলে বাংলাদেশ প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষায় দুই দিনব্যাপী সম্মেলনের গতকাল শুক্রবার সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সম্মেলন থেকে চা শিল্পের বিকাশ ও চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে মালিক-শ্রমিকদের নিয়মিত সংলাপ এবং শ্রীমঙ্গলে দ্রুত শ্রম আদালত স্থাপনের দাবি জানানো হয়। শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে অনুষ্ঠিত দুই দিনের সম্মেলনের সমাপনী বক্তব্যে ড. হোসেন জিল্লুর রহমান আরো বলেন, আমাদের পিছিয়ে পড়া জনগোষ্ঠী যে গুলো আছে-তাদের পেছনে রেখে আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারবো না। তাই সামগ্রিক উন্নয়নের পাশাপাশি এসব জনগোষ্ঠী নিয়েও আমাদের ভাবতে হবে।

গত বৃহস্পতিবার দুই দিনের এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর প্রায় চার শত মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে।

সম্মেলনের দ্বিতীয় দিনের শুরুতে ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা বাগানে মালিক-শ্রমিক একতা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে সভায় বক্তব্য

রাখেন বাংলাদেশ টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. কাজী মুজ্জাফর আহমেদ, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, রাজঘাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিজয় বুনার্জী।

এছাড়া, সম্মেলনের শেষ দিনে 'আন্তর্জাতিক সনদ এবং জাতীয় আইন', 'বেদে, যৌনকর্মী, ঋষি এবং নির্দিষ্ট কয়েকটি জাতিগোষ্ঠীর (মুন্ডা, শব্দকর, পাত্র ইত্যাদি) ইস্যুসমূহ', 'চা জনগোষ্ঠী, বেদে এবং হরিজন সম্প্রদায়ের স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন অধিকারসমূহ', 'প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীসমূহের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সুরক্ষায় কর্মকৌশল নির্ধারণ ও সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক পাঁচটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এসব সেমিনারে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ড. তানজিমুদ্দিন খান, আইন বিভাগের লেকচারার সারোয়াত শামিন, সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, সেড-এর পরিচালক ফিলিপ গাইন, সিসিডিবি-এর হেড অব স্পেশাল প্রোগ্রামস অ্যান্ড এইচআরএমডি সিলভেস্টার হালদার, জিবিকে-এর প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন, পরিত্রাণের নির্বাহী পরিচালক মিলন দাস, বেদে সর্দার সৌদ খান, সেক্স ওয়াকার্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক আলেয়া আক্তার লিলি প্রমুখ। সম্মেলনের শেষ দিনেও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শ্রীমঙ্গল পৌরসভার মহসিন অডিটরিয়ামে মণিপুরী, সাঁওতাল, তেলেগু, ত্রিপুরা, গারো এবং তুরি সাংস্কৃতিক দল তাদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিবেশন করে।

**Accessed at:** http://sylheterdak.com.bd/details.php?id=19425

জালালাবাদ বার্তা
jalalabadbarta.com

২১ নভেম্বর, ২০১৮

# কাউকে পেছনে ফেলে নয় প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা শ্রীমঙ্গলে দুইদিন ব্যাপী সাংস্কৃতিক উৎসব




**সাইফুল ইসলাম**

কাউকে পেছনে ফেলে নয় প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক দুইদিন ব্যাপী সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হচ্ছে।

আয়োজকের পক্ষে ফিলিপ গাইন এক প্রেসবিজ্ঞপ্তিতে এতথ্য জানিয়েছেন। প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চারটি প্রতিষ্ঠান—সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড),পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) যৌথভাবে ইউরোপীয় ইউনিয়ন এবং ইকো কোঅপারেশনের আর্থিক সহায়তায় সাড়ে তিন বছরের একটি প্রকল্প বাস্তবায়ন করছে।



বাংলাদেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীসমূহ যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে সেগুলো সবার সামনে নিয়ে আসাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

এ প্রকল্পের অংশ হিসেবে আগামীকাল ২২-২৩ নভেম্বর (বৃহস্পতি-শুক্রবার) মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ব্র্যাক লার্নিং সেন্টার-এ দুই দিনব্যাপী একটি সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক উৎসব পর্বটি অনুষ্ঠিত হবে পৌরসভার মহসিন অডিটরিয়ামে।

অনুষ্ঠানে যা থাকছে, ২২ নভেম্বর সকাল ৯টা থেকে শুরু হবে অংশ গ্রহণকারীদের নিবন্ধন ও অতিথিদের বরণ এবং সকাল সাড়ে ১০টার সম্মেলনের উদ্বোধন হবে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।



ড.হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী পর্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন বিশিষ্ট শ্রমিক নেতা, শিক্ষাবিদ, সরকারি কর্মকর্তা, অর্থনীতিবিদ, বাংলাদেশ টি অ্যাসোসিয়েশন (বিটিএ)-এর প্রতিনিধি এবং লেখক। বিভিন্ন প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী, সুশীল সমাজ, সামাজিক প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা এ সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন।

**Accessed at:** [**https://jalalabadbarta.com/2018/11/7133/**](https://jalalabadbarta.com/2018/11/7133/)

যুগান্তর

২৪ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়

## ২ দিনের সম্মেলন শেষ

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) প্রতিনিধি**

‘কাউকে পেছনে ফেলে নয়’- এ স্লোগানে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব শুক্রবার শেষ হয়েছে। মৌলভীবাজারের শ্রীমঙ্গল শহরের দুটি ভেন্যুতে আয়োজিত সম্মেলনে দেশের বিভিন্ন জেলা থেকে ক্ষুদ্র ৬০টি জাতিসত্তার তিন শতাধিক প্রতিনিধি যোগ দেন। বৃহস্পতি ও শুক্রবার শহরের ব্র্যাক লার্নিং সেন্টার ও স্থানীয় মহসিন অডিটোরিয়ামে সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অথনীতিবিদ ওয়াহিদ উদ্দিন মাহমুদ। তিনি বলেন, প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন ছাড়া কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয়।

পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অর্থনীতিবিদ ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড-এর পরিচালক ফিলিক গাইন। বিশেষ অতিথি ছিলেন সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি ইতিহাসবিদ অধ্যাপক আহমেদ কামাল, বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আবদুল ওয়াজেদ, গ্রাম বিকাশ কেন্দ্রের প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন, বাংলাদেশ টি এস্টেট স্টাফ অ্যাসোসিয়েশনের সভাপতি মাহবুব রেজা, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রাম ভজন কৈরী, আচিক মিচিক সোসাইটির গারো নেত্রী সুলেখা ম্রং প্রমুখ।

শুক্রবার টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা-বাগানের মালিক ও শ্রমিক পক্ষের সংলাপ ও ঐক্য অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ড. হোসেন জিল্লুর রহমান সভাপতিত্ব করেন। এতে বিদেশি অতিথিরা উপস্থিত ছিলেন।

**Accessed at:**

https://www.jugantor.com/todays-paper/city/114840/%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BF%E0%A6%95-%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%97%E0%A7%8B%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A7%80%E0%A6%95%E0%A7%87-%E0%A6%AA%E0%A7%87%E0%A6%9B%E0%A6%A8%E0%A7%87-%E0%A6%B0%E0%A7%87%E0%A6%96%E0%A7%87-%E0%A6%9F%E0%A7%87%E0%A6%95%E0%A6%B8%E0%A6%87-%E0%A6%89%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A8%E0%A7%9F%E0%A6%A8-%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AD%E0%A6%AC-%E0%A6%A8%E0%A7%9F

কালের কণ্ঠ

২৪ নভেম্বর, ২০১৮

# শ্রীমঙ্গলে শ্রম আদালত স্থাপনের দাবি

## ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্মেলন

**শ্রীমঙ্গল (মৌলভীবাজার) প্রতিনিধি**

চা শ্রমিকদের সুরক্ষায় অবিলম্বে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে শ্রম আদালত স্থাপনের দাবি উঠেছে। গতকাল শুক্রবার শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা বাগানে মালিক-শ্রমিক একতা' শীর্ষক সেমিনার থেকে এ দাবি জানানো হয়। দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষায় দুই দিনব্যাপী আয়োজিত সম্মেলনের দ্বিতীয় দিনের প্রথম অধিবেশনে ওই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে সেমিনারে মূল আলোচক ছিলেন বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সভাপতি তপন দত্ত। অলোচনায় অংশ নেন বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজর কৈরী, বাংলাদেশ টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. কাজী মোজাফর আহম্মদ, শ্রমিক নেতা ও স্থানীয় রাজঘাট ইউপির চেয়ারম্যান বিজয় বুনারজি ও কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাবেক উপমহাপরিচালক মো. আজিজুল ইসলাম।

ড. হোসেন জিল্লুর রহমান বলেন, 'চা শ্রমিকদের জন্য মালিকপক্ষ অনেক কিছুই করছেন বলে বলা হচ্ছে। কিন্তু সেগুলো সামনে দৃশ্যমান নয়। শ্রমিকদেরও অনেক দাবি আছে, যা আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন। এ জন্য ছয় মাসে একবার হলেও মালিকদের সঙ্গে শ্রমিকদের সরাসরি বৈঠক হওয়া দরকার। তাহলে সমস্যা সহজেই সমাধান করা সম্ভব হবে।'

জিল্লুর রহমান বলেন, 'চা জনগোষ্ঠীসহ আমাদের দেশে পিছিয়ে পড়া আরো বেশ কয়েকটি জনগোষ্ঠী আছে, যাদের বাদ দিয়ে বা পেছনে রেখে আমরা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় পৌঁছাতে পারব না।'

গত বৃহস্পতিবার দুই দিনের এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। এতে রংপুর, দিনাজপুর, বান্দরবান, রাঙামাটি, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা থেকে ৬০টি ক্ষুদ্র জাতিগোষ্ঠীর তিন শতাধিক প্রতিনিধি অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠান যৌথভাবে আয়োজন করে সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) ও গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)।

**Accessed at:** http://www.kalerkantho.com/print-edition/news/2018/11/24/706887

মানবজমিন

২৩ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়: ওয়াহিদউদ্দিন মাহমুদ

**শ্রীমঙ্গল প্রতিনিধি**

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছেন, 'গত কয়েক বছরে নারী ও শিশু মৃত্যুর হার, শিশু শিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সুচকে বাংলাদেশ অনেকটা এগিয়ে গেছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ মূল ধারার বাইরে থাকা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয়, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করা।'

বৃহস্পতিবার দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রজনৈতিক সুরক্ষা শীর্ষক দুদিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বের প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এ কথা বলেছেন। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)-যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করেছে।

'টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্র অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই কার্যকরী উদ্যোগ নিতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, 'নানাভাবে আমাদের সমাজে প্রান্তিক জনগোষ্ঠী তৈরি হয়েছে। যাদের সবাই দরিদ্র। এদের সবার সমস্যা এক ধরনের নয়। তাই একটি প্রকল্প বা একই পরিকল্পনার মাধ্যমে তাদের সবাইকে উন্নয়নের ধানায় আনা সম্ভব নয়। স্ব স্ব জনগোষ্ঠীর সমস্যা চিহ্নিত করেই সমস্যা সমাধানে উদ্যোগ নিতে হবে।' 'টেকসই উন্নয়নের বড় শর্ত হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা। এজন্য বন, পাহাড়, জলাশয়, প্রাকৃতিক সম্পাদক রক্ষা করতে হবে। আর সেটা করতে পারলে টেকসই উন্নয়ন যেমন হবে, তেমনি প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত হবে।

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড'র পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও

বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হচ্ছে। সম্মেলনের উদ্বোধনী পর্বের সভপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, 'বতর্মান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্তা 'কাউকে পেছনে ফেলে নয়'। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতি নির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।'

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'চা শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিকশাচালক প্রতিদিন অন্তত ৫০০ টাকা আয় করেন। কিন্তু একজন চা শ্রমিকদের মজুরি মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। অনেকে বলেন, চা বাগান টিকিয়ে রাখতে শ্রমিকদের টিকিয়ে রাখতে হবে। এটা কোনো কথা হতে পারে না। চা বাগান টিকিয়ে রাখার চেয়ে আমাদের কাছে গুরুত্বপূর্ণ লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃতভাবে মানুষ করা।

এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তিও জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।' উদ্বোধনী পর্বে আরো বক্তব্য রাখেন মৌলবীবাজার জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, অধ্যাপক হরিশঙ্কর জলদাস, পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আব্দুল ওয়াজেদ, সুলেখা ম্রং, চা বাগান মালিক প্রতিনিধি আব্দুল আওয়াল, বাংলাদেশে চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি আব্দুল কাদের, গ্রাম বিকাশ কেন্দ্রের মুয়াজ্জেম হোসেন প্রমুখ। সন্ধ্যায় খাসি, মণিপুরী, শব্দকর, মাদল এবং আদিবাসী চা জনগোষ্ঠী সাংস্কৃতিক দলের অংশগ্রহণে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।

Accessed at: http://mzamin.com/article.php?mzamin=146308

মুক্তকণ্ঠ ২৪.কম

২৩ নভেম্বর, ২০১৮

# শ্রীমঙ্গলে সামাজিক সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত




**কে এস এম আরিফুল ইসলাম, মৌলভীবাজার**

কাউকে পেছনে ফেলে নয় এই প্রতিবাদ্য নিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপি আরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি), গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এর আয়োজনে ২ দিনব্যাপী এ অনুষ্ঠানমালা অনুষ্ঠিত হচ্ছে।

বৃহস্পতিবার (২২ নভেম্বর) সকালে শ্রীমঙ্গলস্থ ব্র্যাক লার্নিং সেন্টারে ১ম দিন উদ্বোধনী আলোচনা সভায় পিপি আরসি এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

অনুষ্ঠানের মূল প্রবন্ধক ছিলেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) এর পরিচালক ফিলিপ গাইন।সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপচার্য, অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি ইতিহাসবিদ অধ্যাপক আহমেদ কামাল, জেলা প্রশাসক মো. তোফায়েল ইসলাম, বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস, আচিক মিচিক সোসাইটির সভাপতি সুলেখা, বাংলাদেশ টি এসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান মো. আব্দুল আউয়াল, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রাক্তন মহাপরিচালক মো. আব্দুল ওয়াজেদ, গ্রাম বিকাশ কেন্দ্রের প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে চা জনগোষ্ঠী, ক্ষুদ্রজাতিসত্তা ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠী, সুশীল সমাজ, স্থানীয় প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ে গবেষণা ও অনুসন্ধান থেকে এ পর্যন্ত যেসব তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে এর সার সংক্ষেপ তুলে ধরেন।

উল্লেখ্য সেড, পিপি আরসি, সিসিডিবি, জিবিকে এই চারটি প্রতিষ্ঠান প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীকে সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত করে তাদের বর্তমান অবস্থার মানচিত্রায়ণ এবং তাদের সক্ষমতা ও যোগাযোগ শক্তিশালী করতে ২০১৬ সালের ফেব্রুয়ারি থেকে সাড়ে তিন বছরের একটি প্রকল্প ইউরোপীয় ইউনিয়ন ও ইকো কো-অপারেশনের অর্থায়নে পরিচালনা করছে। উক্ত অনুষ্ঠান বিষয়ে আগামীকাল শুক্রবার টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা বাগানের মালিক ও শ্রমিক পক্ষের সংলাপ ও ঐক্য বিষয়ক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

**Accessed at:** যঃঃঢ়://সঁশঃড়শধহঃযড়২৪.পড়স/ধৎপযরাবং/৫১৫৪

২২ নভেম্বর, ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়: অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ

**সাইফুল ইসলাম**

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছেন,‘গত কয়েক বছরে নারী ও শিশু মৃত্যুর হার, শিশু শিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সুচকে বাংলাদেশ অনেকটা এগিয়ে গেছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ মূল ধারার বাইরে থাকা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয়, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করা।’



আজ বৃহস্পতিবার (২২ নভেম্বর) মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রজনৈতিক সুরক্ষা শীর্ষক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বের প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এ কথা বলেছেন। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)Ñযৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করেছে।



'টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্র অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই কার্যকরী উদ্যোগ নিতে হবে,' উদ্বোধানী অনুষ্ঠানে আরো বলেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। 'নানাভাবে আমাদের সমাজে প্রান্তিক জনগোষ্ঠী তৈরি হয়েছে। যাদের সবাই দরিদ্র। এদের সবার সমস্যা এক ধরনের নয়। তাই একটি প্রকল্প বা একই পরিকল্পনার মাধ্যমে তাদের সবাইকে উন্নয়নের ধানায় আনা সম্ভব নয়। স্ব স্ব জনগোষ্ঠীর সমস্যা চিহ্নিত করেই সমস্যা সমাধানে উদ্যোগ নিতে হবে।'

‘টেকসই উন্নয়নের বড় শর্ত হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা। এজন্য বন, পাহাড়, জলাশয়, প্রাকৃতিক সম্পাদক রক্ষা করতে হবে। আর সেটা করতে পারলে টেকসই উন্নয়ন যেমন হবে, তেমনি প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত হবে,’ বলেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড’র পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হচেছ।




সম্মেলনের উদ্বোধনী পর্বের সভপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, ‘বতর্মান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্তা ‘কাউকে পেছনে ফেলে নয়’। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতি নির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।’

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ‘চা শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিকসাচালক প্রতিদিন অন্তত

৫০০ টাকা আয় করেন। কিন্তু একজন চা শ্রমিকদের মজুরী মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। অনেকে বলেন, চা বাগান টিকিয়ে রাখতে শ্রমিকদের টিকিয়ে রাখতে হবে। এটা কোনো কথা হতে পারে না। চা বাগান টিকিয়ে রাখার চেয়ে আমাদের কাছে গুরুত্বপূর্ণ লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃতভাবে মানুষ করা। এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তিও জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।’

তিনি বলেন, ‘আমাদের সবাইকে যার যার স্থান থেকে সমাজকে এগিয়ে নিতে কাজ করতে হবে। তাহলেই মানুষের সমাজে মানবতা প্রতিষ্ঠা পাবে।’




উদ্বোধনী পর্বে আরো বক্তব্য রাখেন মৌলবীবাজার জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, অধ্যাপক হরিশঙ্কর জলদাস, পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আব্দুল ওয়াজেদ, সুলেখা ◌্রং, চা বাগান মালিক প্রতিনিধি আব্দুল আওয়ায়, বাংলাদেশে চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি আব্দুল কাদের, গ্রাম বিকাশ কেন্দ্রের মুয়াজ্জেম হোসেন প্রমুখ।

সন্ধ্যায় খাসি, মণিপুরী, শব্দকর, মাদল এবং আদিবাসী চা জনগোষ্ঠী সাংস্কৃতিক দলের অংশগ্রহণে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।

**Accessed at:** http://jalalabadbarta.com/2018/11/7149/

পাতাকুঁড়ির দেশ
২১ নভেম্বর, ২০১৮

# কাউকে পেছনে ফেলে নয় প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা শ্রীমঙ্গলে দুইদিন ব্যাপী সাংস্কৃতিক উৎসব

**সাইফুল ইসলাম**

কাউকে পেছনে ফেলে নয় প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক দুইদিন ব্যাপী সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হচ্ছে।

আয়োজকের পক্ষে ফিলিপ গাইন এক প্রেসবিজ্ঞপ্তিতে এতথ্য জানিয়েছেন। প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চারটি প্রতিষ্ঠান—সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড),পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) যৌথভাবে ইউরোপীয় ইউনিয়ন এবং ইকো কোঅপারেশনের আর্থিক সহায়তায় সাড়ে তিন বছরের একটি প্রকল্প বাস্তবায়ন করছে।

বাংলাদেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীসমূহ যেসব চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে সেগুলো সবার সামনে নিয়ে আসাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য।

এ প্রকল্পের অংশ হিসেবে আগামীকাল ২২-২৩ নভেম্বর (বৃহস্পতি-শুক্রবার) মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ব্র্যাক লার্নিং সেন্টার-এ দুই দিনব্যাপী একটি সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক উৎসব পর্বটি অনুষ্ঠিত হবে পৌরসভার মহসিন অডিটরিয়ামে।

অনুষ্ঠানে যা থাকছে, ২২ নভেম্বর সকাল ৯টা থেকে শুরু হবে অংশ গ্রহণকারীদের নিবন্ধন ও অতিথিদের বরণ এবং সকাল সাড়ে ১০টার সম্মেলনের উদ্বোধন হবে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ।

ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে সম্মেলনের উদ্বোধনী পর্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন বিশিষ্ট শ্রমিক নেতা, শিক্ষাবিদ, সরকারি কর্মকর্তা, অর্থনীতিবিদ, বাংলাদেশ টি অ্যাসোসিয়েশন (বিটিএ)-এর প্রতিনিধি এবং লেখক। বিভিন্ন প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী, সুশীল সমাজ, সামাজিক প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় সংস্থা, মানবাধিকার সংগঠন, সাংস্কৃতিক সংগঠন এবং গণমাধ্যমের প্রতিনিধিরা এ সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন।

**Accessed at:**

http://www.patakuri.net/%E0%A6%95%E0%A6%BE%E0%A6%89%E0%A6%95%E0%A7%87-%E0%A6%AA%E0%A7%87%E0%A6%9B%E0%A6%A8%E0%A7%87-%E0%A6%AB%E0%A7%87%E0%A6%B2%E0%A7%87-%E0%A6%A8%E0%A7%9F-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%A8/

# আজকালের খবর




শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে সমাপনীতে গতকাল তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান বক্তব্য রাখেন -আজকালের খবর

আজকালের খবর
২৪ নভেম্বর ২০১৮

## চা শ্রমিকদের দাবি আলোচনায় সমাধান প্রয়োজন

জিল্লুর রহমান

শ্রীমঙ্গল (মৌলভীবাজার) প্রতিনিধি

বাংলাদেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষায় দুই দিনব্যাপী সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব শেষ হয়েছে। সম্মেলন থেকে চা শিল্পের বিকাশ ও চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে মালিক-শ্রমিকদের নিয়মিত সংলাপ এবং শ্রীমঙ্গলে দ্রুত শ্রম আদালত স্থাপনের দাবি জানানো হয়।

গতকাল শুক্রবার শ্রীমঙ্গলের ব্র্যাক লার্নিং সেন্টারে সমাপনী বক্তব্যে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী পরিচালক ড. হোসেন জিল্লুর রহমান বলেন, চা শ্রমিকদের জন্য মালিকপক্ষ অনেক কিছুই করছেন বলে বলা হচ্ছে। কিন্তু সেগুলো সামনে দৃশ্যমান নয়। শ্রমিকদেরও অনেক দাবি রয়েছে যা আলোচনার মাধ্যমে সমাধান হওয়া প্রয়োজন। এ জন্য তিন মাস পর পর না হলেও অন্তত ছয় মাসে একবার হলেও মালিকদের সঙ্গে শ্রমিকদের সরাসরি বৈঠক হওয়া দরকার। তাহলে সমস্যা সহজেই সমাধান করা সম্ভব হবে। গত বৃহস্পতিবার দুদিনের এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন করেন অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। সম্মেলনে ৬০টি জাতিগোষ্ঠীর প্রায় চার শত মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)–যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করে। সম্মেলনের দ্বিতীয় দিনের শুরুতে 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে চা বাগানে মালিক-শ্রমিক একতা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে এ সময় বাংলাদেশ টি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ড. কাজী মুজ্জাফর আহমেদ বলেন, এই অঞ্চলে চা শিল্পের বিকাশকাল হিসেবে ব্রিটিশ, পাকিস্তান ও বাংলাদেশ সময়কে ভাগ করা যায়। এর মধ্যে বাংলাদেশ সময়ে প্রায় ২০০ শতাংশ উৎপাদন বেড়েছে। ২০১৭ সালে বাংলাদেশ এক হাজার ৮১৩ কোটি টাকার চা রফতানি করেছে। বাংলাদেশে টেকসই উন্নয়নের জন্য চা শ্রমিকদের জীবনমান উন্নয়নের মাধ্যমে মূল ধারায় নিয়ে আসতে হবে। বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন সাধারণ সম্পাদক রামভজন কৈরী বলেন, 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা মানে উন্নয়নকে স্থায়ী করা। এ জন্য মালিকপক্ষের ইতিবাচক ভূমিকা দরকার। আমাদের শ্রমিকদের মগজে ঢুকে যাওয়া 'মালিক আমাদের ঠকায়' এই চিন্তা বদলাতে হবে।

রাজঘাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিজয় বুনার্জী বলেন, চা শ্রমিকরা নিজ দেশে পরবাসী। তাদের কেনো ভূমির অধিকার নেই। চা বাগানে নির্দিষ্ট কিছু মানুষের কাজ হয়। বাকিরা বেকার। এ ছাড়া, সম্মেলনের শেষ দিনে 'আন্তর্জাতিক সনদ এবং জাতীয় আইন', 'বেদে, যৌনকর্মী, ঋষি এবং নির্দিষ্ট কয়েকটি জাতিগোষ্ঠীর (মুণ্ডা, শব্দকর, পাত্র ইত্যাদি) ইস্যুসমূহ', 'চা জনগোষ্ঠী, বেদে এবং হরিজন সম্প্রদায়ের স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন অধিকারসমূহ','প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীসমূহের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সুরক্ষায় কর্মকৌশল নির্ধারণ ও সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক পাঁচটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

এসব সেমিনারে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ড. তানজিমুদ্দিন খান, আইন বিভাগের লেকচারার সারোয়াত শামিন, সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার জ্যোতির্ময় বড়ুয়া, সেড-এর পরিচালক ফিলিপ গাইন, সিসিডিবির হেড অব স্পেশাল প্রোগ্রামস অ্যান্ড এইচআরএমডি সিলভেস্টার হালদার, জিবিকে-এর প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন, পরিত্রাণের নির্বাহী পরিচালক মিলন দাস, বেদে সর্দার সৌদ খান, সেক্স ওয়াকার্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক আলেয়া আক্তার লিলি প্রমুখ।

সম্মেলনের শেষ দিনেও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন রয়েছে। গতকাল সন্ধ্যায় শ্রীমঙ্গল পৌরসভার মহসিন অডিটরিয়ামে মণিপুরী, সাঁওতাল, তেলেগু, ত্রিপুরা, গারো এবং তুরি সাংস্কৃতিক দল তাদের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিবেশনা করে।

Amader Notun Shomoy
আমাদের নতুন সময়

আমাদের নতুন সময়– ২৩.১১.২০১৮

# প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন



মো. সুমন মিয়া, (শ্রীমঙ্গল) মৌলভীবাজার : মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব অনুষ্ঠিত হয়েছে। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপি আরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি), গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এর আয়োজনে ২দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে

গতকার বৃহস্পতিবার সকালে শ্রীমঙ্গলস্থ ব্র্যাক লার্নিং সেন্টারে ১ম দিন উদ্বোধনী আলোচনা সভায় পিপি আরসি এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। অনুষ্ঠানের মূল প্রবন্ধক ছিলেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) এর পরিচালক ফিলিপ গাইন। সম্মানিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, উপচার্য, ইতিহাসবিদ অধ্যাপক আহমেদ কামাল, জেলা প্রশাসক মো. তোফায়েল ইসলাম, বিশিষ্ট লেখক ড. হরিশংকর জলদাস, আচিক মিচিক সোসাইটির সভাপতি সুলেখা ম্রং, বাংলাদেশ টি এসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান মো. আব্দুল আউয়াল, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর প্রাক্তন মহাপরিচালক মো. আব্দুল ওয়াজে, গ্রাম বিকাশ কেন্দ্রের প্রধান নির্বাহী মোয়াজ্জেম হোসেন প্রমূখ।

যায়যায়দিন
১৯৮৪ থেকে

যায়যায় দিন–২৪.১১.২০১৮

# সম্মেলন

শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষাবিষয়ক সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবঅনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উদ্বোধনী আলোচনা সভায় পিপি আরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদ উদ্দিন মাহমুদ। অনুষ্ঠানের মূল প্রবন্ধক ছিলেন সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড) পরিচালক ফিলিপ গাইন।

দৈনিক জালালাবাদ ২৪ নভেম্বর ২০১৮

# প্রান্তিক জনগোষ্ঠীকে পেছনে রেখে টেকসই উন্নয়ন সম্ভব নয়

---------------- অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ

শ্রীমঙ্গল প্রতিনিধিঃ বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেছেন, 'গত কয়েক বছরে নারী ও শিশু মৃত্যুর হার, শিশু শিক্ষার হারসহ বিভিন্ন সামাজিক সুচকে বাংলাদেশ অনেকটা এগিয়ে গেছে। কিন্তু মোট জনসংখ্যার তিন থেকে চার শতাংশ মূল ধারার বাইরে থাকা প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠী এই উন্নয়ন থেকে বঞ্চিত। এদের বাদ দিয়ে টেকসই উন্নয়ন সম্ভব নয়। সম্ভব নয়, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করা।'

বৃহস্পতিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার ব্র্যাক লার্নিং সেন্টারে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রজনৈতিক সুরক্ষা শীর্ষক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধনী পর্বের প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ এ কথা বলেছেন। সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড), পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি), খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি) এবং গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে)—যৌথভাবে এই সম্মেলন ও সাংস্কৃতিক উৎসবের আয়োজন করেছে।

তিনি বলেন, 'টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্র অনুযায়ী আমরা ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্রসীমা অতিক্রম করতে চাই। কিন্তু যদি আমরা দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের মাধ্যমে তাদের মূলধারায় নিয়ে আসতে না পারি তাহলে তা সম্ভব নয়। এজন্য সরকারকেই কার্যকরী উদ্যোগ নিতে হবে,' উদ্বোধনী অনুষ্ঠানে আরো বলেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। 'নানাভাবে আমাদের সমাজে প্রান্তিক জনগোষ্ঠী তৈরি হয়েছে। যাদের সবাই দরিদ্র। এদের সবার সমস্যা এক ধরনের নয়। তাই একটি প্রকল্প বা একই পরিকল্পনার মাধ্যমে তাদের সবাইকে উন্নয়নের ধানায় আনা সম্ভব নয়। স্ব স্ব জনগোষ্ঠীর সমস্যা চিহ্নিত করেই সমস্যা সমাধানে উদ্যোগ নিতে হবে।'

তিনি আরো বলেন,'টেকসই উন্নয়নের বড় শর্ত হচ্ছে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করা। এজন্য বন, পাহাড়, জলাশয়, প্রাকৃতিক সম্পাদক রক্ষা করতে হবে। আর সেটা করতে পারলে টেকসই উন্নয়ন যেমন হবে, তেমনি প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক সুরক্ষা নিশ্চিত হবে,' বলেন অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ।

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন সেড'র পরিচালক ফিলিপ গাইন। সম্মেলনে প্রায় ৬০টি জাতিগোষ্ঠীর তিন শতাধিক মানুষ অংশগ্রহণ করেন। সম্মেলনে আটটি সেশনে দেশের প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর জীবনমান, সামাজিক সংকটসহ তাদের ভাষা, সংস্কৃতি নিয়ে বিস্তারিত আলোচনা হচেছ।

সম্মেলনের উদ্বোধনী পর্বের সভপতি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান বলেন, 'বতর্মান পৃথিবীর উন্নয়নের নতুন চিন্ত,। 'কাউকে পেছনে ফেলে নয়'। এজন্য আমরাও কাজ করছি, যার অংশ হিসেবে গত বছর রংপুরে এমন একটি সম্মলনের আয়োজন করা হয়। এসব আয়োজনের মাধ্যমে আলোচনার সুযোগ তৈরি হচ্ছে, যাতে সরকারের নীতি নির্ধারকরা সবাইকে উন্নয়নের ধারায় আনার পরিকল্পনা করেন। এমন পরিবেশ সৃষ্টি করাই আমাদের লক্ষ্য।'

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'চা শ্রমিকরা চরমভাবে শোষণের শিকার হচ্ছেন। গ্রামের একজন কৃষক বা শহরের একজন রিকসাচালক প্রতিদিন অন্তত ৫০০ টাকা আয় করেন। কিন্তু একজন চা শ্রমিকদের মজুরী মাত্র ১০২ টাকা। এটা অত্যন্ত অমানবিক। অনেকে বলেন, চা বাগান টিকিয়ে রাখতে শ্রমিকদের টিকিয়ে রাখতে হবে। এটা কোনো কথা হতে পারে না। চা বাগান টিকিয়ে রাখার চেয়ে আমাদের কাছে গুরুত্বপূর্ণ লেখাপড়ার মাধ্যমে শ্রমিকদের সন্তানদের প্রকৃতভাবে মানুষ করা। এজন্য আমাদের বিশ্ববিদ্যালয়ে তাদের সন্তানদের ভর্তিও জন্য কোটা ব্যবস্থা চালু করা হয়েছে। আমরা তাদের শিক্ষা চালিয়ে নিতে ভাতার ব্যবস্থা করেছি।'

তিনি বলেন, 'আমাদের সবাইকে যার যার স্থান থেকে সমাজকে এগিয়ে নিতে কাজ করতে হবে। তাহলেই মানুষের সমাজে মানবতা প্রতিষ্ঠা পাবে।'

উদ্বোধনী পর্বে আরো বক্তব্য রাখেন মৌলবীবাজার জেলা প্রশাসক তোফায়েল ইসলাম, অধ্যাপক হরিশঙ্কর জলদাস, পরিসংখ্যান ব্যুরোর সাবেক মহাপরিচালক ড. আব্দুল ওয়াজেদ, সুলেখা ম্রং, চা বাগান মালিক প্রতিনিধি আব্দুল আওয়ায়, বাংলাদেশে চা শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক রামভজন কৈরী, ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি আব্দুল কাদের, গ্রাম বিকাশ কেন্দ্রের মুয়াজ্জেম হোসেন প্রমুখ। সন্ধ্যায় খাসি, মণিপুরী, শব্দকর, মাদল এবং আদিবাসী চা জনগোষ্ঠী সাংস্কৃতিক দলের অংশগ্রহণে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।

মানব কণ্ঠ– ২৩.১১.২০১৮

# সাংস্কৃতিক উৎসব

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সুরক্ষা বিষয়ক দুই দিনের সম্মেলন ও সাংস্কৃতিক উৎসব গতকাল বৃহস্পতিবার উদ্বোধন হয়েছে। সকালে শ্রীমঙ্গলস্থ ব্র্যাক লার্নিং সেন্টারে উদ্বোধনী আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন অর্থনীতিবিদ অধ্যাপক ওয়াহিদউদ্দিন মাহমুদ। খ্রিস্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি), গ্রাম বিকাশ কেন্দ্র (জিবিকে) এ কর্মসূচির আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পিপি আরসির নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান।
শ্রীমঙ্গল (মৌলভীবাজার) সংবাদদাতা